# প্রেস বিজ্ঞপ্তি
# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৬২টি প্রতিষ্ঠানকে ৩.৪৭ লক্ষ টাকা জরিমানা

**১৯ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, কুমিল্লা, পটুয়াখালী, ভোলা, গাজীপুর, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কুড়িগ্রাম, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে মালিহা ফুড প্রোডাক্টসকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর পল্টন এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে স্বপ্ন সুপার সপকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর শুক্রাবাদ এলাকায় পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে চাচা ভাতিজা মুরগীর দোকানকে **২,০০০/- (দুই হাজার)** টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে শোভন স্টোরকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে শর্মা প্যালেস ও সর ফুডকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **১৭,০০০/- (সতের হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর বসুন্ধরা সিটি, আদাবর ও মোহাম্মদপুর এলাকায় **৮টি** প্রতিষ্ঠানকে **৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার)** টাকা ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় **৭টি** প্রতিষ্ঠানকে **৪৮,০০০/- (আটচল্লিশ হাজার)** টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, পরিমাপে কারচুপি ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক নাসরিন আক্তারের নেতৃত্বে চট্টগ্রামের পতেঙ্গা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার)** টাকা, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুর জব্বার মন্ডলের নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫০,০০০/- (পাঁচ হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর দুমকী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর এর বাংলাবাজার এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলার বড়বাড়ী এলাকায় **৭টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে ময়মনসিংহের কাশিগঞ্জ বাজার ও তারাকান্দা উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৬,২০০/- (ছয় হাজার দুইশত)** টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার ব্রাহ্মণপাড়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের ভূরুঙ্গামারী উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত)** টাকা এবং পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **১,৫৯,৭০০/- (এক লক্ষ উনষাট হাজার সাতশত)** টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৫টি** বাজার তদারকিতে **৬২টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৪৭,৭০০/- (তিন লক্ষ সাতচল্লিশ হাজার সাতশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, ক্যাব, প্রাণী সম্পদ অধিদপ্তরের প্রতিনিধি, স্যানেটারী ইন্সপেক্টর ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, পটুয়াখালী, ভোলা, গাজীপুর, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কুড়িগ্রাম, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, পটুয়াখালী, ভোলা, গাজীপুর, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কুড়িগ্রাম, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।